



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.doga.gov.bd



স্মারক নং-২৫.৪৩.০০০০.০০৯.০১.০০৫.৬৮(অংশ-২)/

তারিখ: ২৬ মাঘ ১৪২৬বঙ্গাব্দ:
০৯ ফেব্রুয়ারী ২০২০খ্রি:

বিষয়: এসপিবিএন-১ ও ২ ঢাকা'র ফোর্সের অফিস/ব্যারাক হিসেবে ব্যবহারের জন্য ভবন/বাড়ী ভাড়া করার ছাড়পত্র প্রদান প্রসংগে।

সূত্র : (ক) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন-২ অধিশাখার পত্র স্মারক নং-৩৯, তারিখ: ২৬-০১-২০২০খ্রি:
(খ) সরকারি আবাসন পরিদপ্তরের অফিসস্থান বরাদ্দ শাখার পত্র স্মারক নং-৬৪, তারিখ: ২৬ ডিসেম্বর ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এসপিবিএন-১ ও ২ ঢাকা'র ফোর্স অফিসের কাজের ধরন/চাহিদা অনুযায়ী এসপিবিএন-২, মোহাম্মদপুর, ঢাকা অফিসের জন্য ইতিপূর্বে ৩২,৩২০বর্গফুট আয়তনের অফিসস্থান শুধুমাত্র অফিসিয়াল কার্যক্রম পরিচালনার জন্য (খ) সূত্রের পত্রের মাধ্যমে বেসরকারি বাড়ী ভাড়া করণের ছাড়পত্র প্রদান করা হয়। বিধায় উক্ত অফিসের জন্য পুনরায় অফিসস্থান বরাদ্দ দেয়ার সুযোগ নেই। উল্লেখ্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৫-১১-২০০৭ তারিখের শা-২/২এম-২৬/২০০৭/৫৪২ স্মারকের সর্বশেষ পরিপত্র অনুযায়ী অফিসস্থান বরাদ্দ সংক্রান্ত নির্দেশনা/বিধিমালা থাকলেও ব্যারাক সংক্রান্ত কোন বিধিমালা নেই। তাছাড়া জনবলের প্রাপ্যতা অনুযায়ী সরকারি আবাসন পরিদপ্তরের অধীন বরাদ্দ করার মত বিধি মোতাবেক প্রাপ্য সরকারি অফিসস্থান নেই।

এমতাবস্থায়, এসপিবিএন-১, মোহাম্মদপুর, ঢাকা অফিসের জন্য সরকারি আবাসন পরিদপ্তরের নিয়ন্ত্রণে বরাদ্দযোগ্য কোন অফিস স্থান না থাকায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুযায়ী এবং বিবেচ্য অফিসের জনবলের প্রাপ্যতানুযায়ী ২২,২২০(বাইশ হাজার দুইশত বিশ) বর্গফুট আয়তনের অফিসস্থান শুধুমাত্র অফিসিয়াল কার্যক্রম পরিচালনার জন্য বেসরকারি বাড়ী ভাড়া গ্রহণের ছাড়পত্র প্রদান করা হলো।

(আঞ্জু আরা খাতুন)

সহকারী পরিচালক

ফোন: ০২-৯৫১৫৫৫৩০

ই-মেইল: offspace@doga.gov.bd

পুলিশ সুপার(এসপিবিএন-১ ও ২),
মোহাম্মদপুর, ঢাকা।

স্মারক নং-২৫.৪৩.০০০০.০০৯.০১.০০৫.৬৮(অংশ-২)/ ২৫৪/৪

তারিখ: ২৬ মাঘ ১৪২৬বঙ্গাব্দ:
০৯ ফেব্রুয়ারী ২০২০খ্রি:

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, পুলিশ অধিশাখা-৪, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক/অতিরিক্ত পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা।
- ৬। গার্ড ফাইল/অফিস কপি।

সহকারী পরিচালক

০২/০২/২০২০

(আঞ্জু আরা খাতুন)

সহকারী পরিচালক

০২/০২/২০২০